

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৩

পরিচ্ছেদঃ উযুতে প্রতি অঙ্গ দুইবার করে ধোয়া।

باب مَا جَاءَ فِي الْوُضُوءِ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ

আরবী

حَدَّتَنَا أَبُو كُرَيْبٍ، وَمُحَمَّدُ بْنُ رَافِعٍ، قَالاَ حَدَّتَنَا زَيْدُ بْنُ حُبَابٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ هُرْمُزَ، هُوَ الأَعْرَجُ ثَابِت بْنِ تَوْبَانَ، قَالَ حَدَّتَنِي عَبْدُ اللَّهِ بْنُ الْفَضْلُ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ هُرْمُزَ، هُوَ الأَعْرَجُ عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم تَوَضَّاً مَرَّتَيْنِ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثُ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَديثِ ابْنِ تَوْبَانَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْفَضْلُ وَهُو إِسْنَادٌ حَسَنٌ صَحِيحٌ . قَالَ أَبُو عِيسَى وَقَدْ رَوَى الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْفَضْلُ وَهُو إِسْنَادٌ حَسَنٌ صَحِيحٌ . قَالَ أَبُو عِيسَى وَقَدْ رَوَى هُمَّامٌ عَنْ عَامِرٍ الأَحْولِ عَنْ عَظَاءٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم تَوَضَّا قَلَاتًا ".

বাংলা

৪৩. আবৃ কুরায়ব ও মুহাম্মাদ ইবনু রাফি' (রহঃ) আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহ থেকে বর্ণনা করেন যে, প্রতিটি অঙ্গ দুইবার করে ধুয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উযূ (ওজু/অজু/অযু) করেছেন। - সহিহ আবু দাউদ ১২৫, তিরমিজী হাদিস নম্বরঃ ৪৩ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিজি (রহঃ) বলেন, এই বিষয়ে জাবির রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী বলেন এই হাদিসটি হাসান-গরীব। ইবনু ছাওবান (রহঃ) আবৃদল্লাহ ইবনু ফাযল (রহঃ) এর সনদ ছাড়া অন্য কোন সূত্রে এটি বর্ণিত আছে কি না আমাদের জানা নেই। এই সনদটি হাসান ও সহীহ। ইমাম আবূ ঈসা তিরমিয়ী বলেন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতিটি অঙ্গ তিনবার করে ধৌত করে উযু করেছেন বলেও আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে রিওয়ায়াত রয়েছে।

English

Abu Hurairah narrated:



"The Prophet performed Wudu two time (for each limb)."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন